

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রথম পুণর্মিলনী ২০১৯ অনুষ্ঠিত



উচ্ছ্বাসে উল্লাসে, নতুন আলোর উদ্ভাসে স্লোগানকে সামনে রেখে ১৫ ফেব্রুয়ারি-২০১৯, শুক্রবার, সকাল ৯টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজের বিভাগের এলামনাই এসোসিয়েশন এর উদ্যোগে 'প্রথম পুণর্মিলনী ২০১৯' বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন চত্বরে অনুষ্ঠিত হয়। জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন এবং বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এম.পি এবং অনুষ্ঠানটির উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসোসিয়েশনের আহ্বায়ক রাশেদুল ইসলাম পল্লব এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে অর্থ মন্ত্রণালয়ের জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. শওকত জাহাঙ্গীর, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. গোলাম মোস্তফা, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের ইএমবিএ প্রোগ্রামের ডিরেক্টর অধ্যাপক ড. মনিরুজ্জামান, আকিজ ফুড এন্ড বেভারেজ লিঃ এর হেড অব এক্টিভেশন মোঃ সানাউল সিকদার, ওয়ালটন গ্রুপ এর ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর (মার্কেটিং) ফিরোজ আলম এবং শাহরিয়ার স্টিল মিলস লিঃ এর ডিরেক্টর শেখ মোঃ আজহার ও এসোসিয়েশনের সদস্য সচিব ওমর ফারুক উপস্থিত ছিলেন।